दस रुपये

भारत

INDIA

TEN RUPEES

१०रु.

10 Rs

রেজিস্ট্রেশনের পর প্রতি বছর ফি সহ 'নগদে' রিটার্ন জমা দেওয়া আইনতঃ বাধ্যতামূলক।

Copy applied on 22-5-97

Prepared on 16.6.97

Delivered on 17.6.97

No. 1.
S/63681.

[illegible]

Memorandum of the Assn.

Registered on 27-12-89.

Sd/- A. Kundu
Registrar of Firms Societies
& Non-Trading Corpns.
W.B.

REGISTRAR OF FIRMS, SOCIETIES & NON TRADING CORPORATIONS * WEST BENGAL *

17.6.97

17233

Serial No.
Sold To.
Address.
Rs.
C.M.M's Court
2, Bankshall Street, Cal-1
12 MAY 1997

Vivekananda B. Karl
Kenda
Dhundikanal
Purulia.

STAMP VENDOR
C.M.M's Court
2, Bankshall Street, Calc

রেজিস্ট্রেশনের পর প্রতি বছর ফি সহ (নগদে) রিটার্ন জমা দেওয়া আইনতঃ বাধ্যতামূলক।

।। পরিমেল বন্ধ ।।

সমিতির নাম : বিবেকানন্দ বিকাশ কেন্দ্র

সমিতির ঠিকানা : গ্রাম বুন্দিধাগ, পোষ্ট - ডাভাতোড়াং,
থানা বাগমুন্ডি, জেলা - পুরুলিয়া,
পশ্চিমবঙ্গ ।

সমিতির আদর্শ ও উদ্দেশ্য :-

১). নিরক্ষরতা দূরীকরণে এবং শিক্ষার প্রসারের, উন্নয়নের জন্য বিদ্যালয় ও মহাবিদ্যালয় স্থাপন ও অন্যান্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ।

২). বহুমুখী জ্ঞান বিস্তারের উদ্দেশ্যে বক্তৃতা, বিতর্কসভা, আলোচনাচক্র নানাবিধ প্রশিক্ষনের দ্বারা শিক্ষা ও সাংস্কৃতিক ক্ষেত্রে এলাকার জনসাধারনের সর্ব প্রকার উন্নতির চেষ্টা করা ।

৩). সাধারণ মানুষকে অর্থনৈতিক স্বনির্ভর করিয়া তোলার জন্য ও কর্মসংস্থানের উদ্দেশ্যে বিভিন্ন ধরনের শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করা ও অন্যান্য উদ্যোগ গ্রহণ করা ।

৪). স্বাস্থ্য ও সুগঠিত শরীর গঠনের জন্য ব্যায়ামাগার স্থাপন, ক্রীড়ানুষ্ঠান আয়োজন, চিকিৎসা কেন্দ্র গঠন ও পরিচালন অথবা ঐ উদ্দেশ্যে প্রয়োজনীয় অন্যান্য উদ্যোগ গ্রহণ করা ।

৫). [illegible] সার্বিক উন্নয়নের জন্য উন্নয়নমূলক কাজ কর্ম করা ।

REGISTRAR OF FIRMS, SOCIETIES & NON TRADING CORPORATIONS * WEST BENGAL

৬). সমমনোভাবাপন্ন স্বেচ্ছাসেবী বা অন্যান্য সংস্থার সহিত যুক্ত-ভাবে বা প্রকল্প ভিত্তিক কর্ম পরিচালনায় অংশ গ্রহণ করা ।


৭). রোগ মহামারী ও প্রাকৃতিক দুর্যোগের ফলে বিপন্ন মানুষের জন্য জাতি ধর্ম নির্বিশেষে সর্ব প্রকার ত্রানের ব্যবস্থা করা । এই উপলক্ষ্যে প্রয়োজনীয় ত্রান সামগ্রী সংগ্রহ করা ।

৮). মাদক দ্রব্য বর্জনের প্রচার চালানো কালোবাজারী মুনাফাবাজ ও ভেজাল কারীদের বিরুদ্ধে সক্রিয় অভিযান চালানো ।

৯). কৃষি, শিল্প, বিভিন্ন ভাষা, নৃত্যকলা, গীতবাদ্য সংক্রান্ত জ্ঞানদানের ব্যবস্থা করা ও উন্নতিকল্পে বিভিন্ন উদ্যোগ গ্রহণ ।

১০). সমিতির উদ্দেশ্য সাধনের বা সম্পাদনের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ চাঁদা আদায়, এককালীন দান গ্রহণ অথবা বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে অর্থ সংগ্রহ করা ।

১১). এই সমিতির সম্পত্তি ও আয় সমিতির আদর্শ ও উদ্দেশ্যেই মাত্র ব্যয়িত হইবে ।




....৩.

নাম ঠিকানা ও পেশা উল্লেখ করিয়া আমরা নিম্নলিখিত স্বাক্ষরকারী সদস্যগণ এই পরিকল্পনের ভিত্তিতে একটি সমিতি গঠন করিতে ইচ্ছুক :-

| নাম ঠিকানা :- | পেশা :- | পদ :- |
|---|---|---|
| ১). শ্রী সুরেন্দ্র নাথ মুকুল<br>গ্রাম : খিরাবেড়া,<br>পো: ডাভাতোড়াং<br>ভায়া - বাগমুন্ডি,<br>জেলা - পুরুলিয়া। | কৃষিজীবী | সভাপতি |
| ২). শ্রীজগন্নাথ রায়,<br>গ্রাম: - চন্ডিঘা,<br>পো: - বাগমুন্ডি,<br>জেলা :- পুরুলিয়া, । | ব্যবসায়ী | সহ - সভাপতি, |
| ৩). শ্রী অরবিন্দ ভট্টাচার্য্য,<br>গ্রাম: - চড়িদা,<br>পো: - বাগমুন্ডি,<br>জেলা :- পুরুলিয়া। | সমাজকর্মী | সম্পাদক |
| ৪). শ্রী বিনোদবিহারী মুর্মু,<br>গ্রাম: রাঙা,<br>পো: অযোধ্যা,<br>থানা : বাগমুন্ডি,<br>জেলা :- পুরুলিয়া। | ছাত্র | সহ - সম্পাদক |

FIRMS, SOCIETIES & NON TRADING CO'S

| নাম ঠিকানা : - | পেশা : - | পদ : - |
|---|---|---|
| ৫). জু ভৌমিক<br>গ্রাম: - গড়কমলপুর,<br>পোস্ট : মহিষাদল,<br>জেলা: - মেদিনীপুর। | শিক্ষিকা | কোষাধ্যক্ষ |
| ৬). করুনা প্রধান<br>গ্রাম: - চন্ডীপুর<br>পোস্ট: - লক্ষ্যা,<br>থানা : - মহিষাদল,<br>জেলা: - মেদিনীপুর। | শিক্ষিকা | সদস্য |
| ৭). শ্রী রামনাথ মুর্মু,<br>গ্রাম: সাঙ্গারামবেড়া,<br>পো: অযোধ্যা,<br>ভায়া : বাগমুন্ডি,<br>জেলা: - পুরুলিয়া। | শিক্ষক | সদস্য |

| নাম ঠিকানা: - | পেশা : - | স্বাক্ষর : - |
|---|---|---|
| ১). শ্রী সুরেন্দ্রনাথ মুকুল<br>গ্রাম: খিরাবেড়া,<br>পোস্ট : ডাভাতোড়াং,<br>ভায়া : বাগমুন্ডি,<br>জেলা : - পুরুলিয়া। | কৃষিজীবী | Sd/- [illegible] |
| শ্রী জগন্নাথ রায়,<br>গ্রাম : চড়িদা,<br>পোস্ট : বাগমুন্ডি,<br>জেলা: - পুরুলিয়া। | ব্যবসায়ী | Sd/-<br>জগন্নাথ রায় |

FIRMS, SOCIETIES & NON-TRADING ... WEST BENGAL

| নাম ঠিকানা : - | পেশা : - | স্বাক্ষর : - |
| --- | --- | --- |
| ৩). শ্রী অরবিন্দ ভট্টাচার্য্য,<br>গ্রাম: চড়িদা,<br>পোস্ট: বাগমুন্ডি,<br>জেলা : পুরুলিয়া । | সমাজকর্মী | Sd/-<br>অরবিন্দ ভট্টাচার্য্য |
| ৪). শ্রী বিনোদ বিহারী মুর্ম্মু<br>গ্রাম: রাঙা,<br>পোস্ট : অযোধ্যা,<br>থানা : বাগমুন্ডি,<br>জেলা :- পুরুলিয়া । | ছাত্র | Sd/-<br>বিনোদ বিহারী মুর্ম্মু |
| ৫). অশ্রু ভৌমিক<br>গ্রাম: গড়কমলপুর,<br>পোস্ট : মহিষাদল,<br>জেলা :- মেদিনীপুর । | শিক্ষিকা | Sd/-<br>অশ্রু ভৌমিক |
| ৬). করুনা প্রধান<br>গ্রাম: চন্ডীপুর,<br>পোস্ট : লক্ষ্যা,<br>থানা : মহিষাদল,<br>জেলা : মেদিনীপুর । | শিক্ষিকা | Sd/-<br>করুনা প্রধান |
| ৭). রামনাথ মুর্ম্মু,<br>গ্রাম: মাফারামবেড়া,<br>পোস্ট: অযোধ্যা,<br>থানা : বাগমুন্ডি,<br>জেলা : পুরুলিয়া । | শিক্ষক | Sd/-<br>রামনাথ মুর্ম্মু |

SOCIETIES & NON-TRADING

স্বাক্ষরকারীর পক্ষে সাক্ষী : -

दस रुपये

INDIA

१० रु.

TEN RUPEES

10 RS.

No. 1.

5|63681.

[illegible]

Rules of the Assn.

REGISTRAR OF FIRMS, SOCIETIES & NON-TRADING CORPORATIONS

17.6.

* WEST BENGAL *

6669.
Name...Vivekananda Vikash Kendra
Address...Dhundikhap
Purulia
...167
Calcutta Collectorate.
1, Netaji Subhas Rd.
-9 MAY 1997

পশ্চিমবঙ্গ সমিতি নিবন্ধভুক্তকরন আইন - ১৯৬১

## " বিবেকানন্দ বিকাশ কেন্দ্র "

ঠিকানা :- গ্রাম ধুন্দিখাপ, পোষ্ট : ভাঙাগোড়া,
ভায়া - বাগমুন্ডি, জেলা : পুরুলিয়া,
পশ্চিমবঙ্গ

## -: নিয়মাবলী :-

### সংজ্ঞা :-

ক). 'সমিতি' বলিতে বিবেকানন্দ বিকাশ কেন্দ্র বুঝাইবে ।

খ). 'আইন' বলিতে পশ্চিমবঙ্গ সমিতি নিবন্ধভুক্তকরন আইন, ১৯৬১ বুঝাইবে ।

গ). 'সভ্য' বলিতে সমিতির সদস্য ও সদস্যাকে বুঝাইবে ।

ঘ). 'পরিচালক বর্গ' বলিতে আইনানুসারে গঠিত সমিতির পরিচালকবর্গকে বুঝাইবে ।

ঙ). 'আধিকারিক' বলিতে সমিতির পরিচালকবর্গের সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষকে বুঝাইবে ।

চ). 'হিসাব নিরীক্ষক' বলিতে তৎসময়ের জন্য নিযুক্ত হিসাব নিরীক্ষক বুঝাইবে ।

ছ). 'বৎসর' বলিতে ইংরাজী বৎসরের ১লা এপ্রিল হইতে ৩১শে মার্চ পর্যন্ত বুঝাইবে ।

SOCIETIES & NON-TRADING
WEST SENBAL

জ). 'সভা' বলিতে সমিতির সভা বা অধিবেশন বুঝাইবে ।

ঝ). সভাপতি বলিতে সমিতির সভাপতিকে বুঝাইবে ।

ঞ). সম্পাদক বলিতে সমিতির সম্পাদককে বুঝাইবে ।

ট). কোষাধ্যক্ষ বলিতে সমিতির কোষাধ্যক্ষকে বুঝাইবে ।

সভ্য :-

********

১). সভ্য হওয়ার যোগ্যতা : -

ক). সমিতির পরিমেল বন্ধের স্বাক্ষরকারী সদস্যগণকে প্রাথমিক সদস্য বলিয়া গণ্য করা হইবে ।

খ). জাতি, ধর্ম, বর্ন, স্ত্রী, পুরুষ নির্বিশেষে ১৮ বৎসর বা তদূর্দ্ধে বয়স্ক সভ্যপদ গ্রহনেচ্ছু, ব্যক্তি এই সমিতির নিয়মকানুন মানিয়া চলিবেন । এইরূপ লিখিত ভাবে আবেদন পত্রে ঘোষণা করিলে সমিতির সভ্য হইতে পারিবেন । একজন নাবালক ও আইনগতভাবে অভিভাবকদের মাধ্যমে সভ্য হইতে পারিবেন ।

২). সভ্যের শ্রেণীবিভাগ : -

ক). প্রতিষ্ঠাতা সভ্য,

খ). সম্মানিত সভ্য,

গ). সাধারন সভ্য,

ঘ). আজীবন সভ্য,

ক). আজীবন সভ্য : -

নির্দিষ্ট নগদ অর্থ বা বা স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি দানের বিনিময়ে যিনি সভ্য হয়েছেন তাকে পরিচালক বর্গ ইচ্ছা করিলে এই শ্রেনীর সভ্য বলে মনোনীত করিতে পারিবেন ।

REG'STRAR OF FIRMS, SOCIETIES & NON-TRADING CORPORATIONS * WEST BENGAL

খ) প্রতিষ্ঠাতা সভ্য : -

নিম্নলিখিত ব্যক্তিগণ সমিতির প্রতিষ্ঠাতা সভ্য হইবেন এবং তাঁহারা জীবিত থাকা পর্যন্ত এইরূপ সভ্য থাকিবেন ও সভ্যপদের সকল সুযোগ সুবিধা পাইবেন ।

গ). সম্মানিত সভ্য :-

পরিচালকবর্গের মতে বিশিষ্ট সমাজসেবী, শিক্ষাবিদ প্রভৃতি সম্মানিত ব্যক্তিগণকে এই শ্রেণীর সভ্য নির্বাচন করা চলিবে । এইসব সভ্যরা পরিচালকবর্গের সদস্য হইবার ও কোন সভাতে ভোটদান করিবার অধিকার পাইবেন না ।

ঘ). সাধারণ সভ্য :-

সভ্য হওয়ার যোগ্যতা সম্পন্ন যে কোন ব্যক্তি নির্দিষ্ট চাঁদা প্রদান করিলে এই শ্রেণীর সভ্য হইতে পারিবেন ।

-: সভ্যগণের অধিকার ও দায়িত্ব :-

ক). সমিতির যে কোন নির্বাচনে নির্বাচন করিবার বা নির্বাচিত হইবার অধিকার সাধারণ সভ্যের থাকিবে ।

খ). তিনি পরিচালক বর্গের নিকট যে কোন বিষয়ে আলোচনার্থে প্রস্তাব পেশ করিতে পারিবেন ।

গ). সম্পাদকের সহিত সংযোগ স্থাপন করিয়া তিনি সম্পাদক কর্তৃক নির্বাচিত তারিখে ও সময়ে সমিতির হিসাব কার্য্য বিবরণী পরিদর্শন করিতে পারিবেন ।

ঘ). নির্দিষ্ট সময়ে মাসিক চাঁদা বা বার্ষিক চাঁদা দিতে বাধ্য হইবেন ।

ঙ). খেলাপকারী সভ্যগণ সমিতির কোন অধিবেশনে অংশ গ্রহণ এবং ভোটদানের যোগ্য হইবেন না ।

REGISTRAR OF FIRMS, SOCIETIES & NON-TRADING CORPORATIONS ★ WEST BENGAL

৪). সভ্যদের পদত্যাগ ও অপসারণ : -

ক). তিন মাসের অধিক চাঁদা বাকি থাকিলে সভ্যপদ বাতিল হইতে পারে।

খ). কোন সভ্যের আচরণ সমিতির উন্নয়ন, গঠন ও পরিচালন কার্য্যের পরিপন্থী হইলে তাহার সভ্যপদ বাতিল হইতে পারে।

গ). উন্মাদ ও দেউলিয়া সভ্যের সভ্যপদ বাতিল হইতে পারে।

ঘ). কোন সভ্য লিখিতভাবে সম্পাদকের নিকট আবেদন করিয়া সভ্যপদ প্রত্যাহার করিয়া লইতে পারেন। কোন সদস্যই তাহার বহিস্কার বা সদস্য-পদ খারিজের জন্য যদি তাহা ভুল বশত: বা বে-আইনী হইয়া ও থাকে কোনরূপ ক্ষতিপূরণ ইত্যাদি দাবী করিতে পারিবেন না

৫). সভ্য তালিকা বহি : -

সমিতির অফিসে সভ্যগণের নাম, ঠিকানা, পেশা, সভ্যভুক্তির তারিখ বা বিদায়ের ও বহিস্কারের তারিখ সম্বলিত একটি সভ্যতালিকা বহি রক্ষিত হইবে। সভ্যগণ সম্পাদকের নিকট লিখিতভাবে আবেদন করিয়া এই বহি পরীক্ষা করিতে পারিবেন।

পরিচালক বর্গ : -

১). গঠন ও নির্বাচন : -

সমিতির সকল প্রকার কার্য্যাবিধি ও পরিচালন ক্ষমতা পাঁচজন সদস্য লইয়া গঠিত পরিচালন বর্গের উপর ন্যস্ত থাকিবে। বার্ষিক সাধারণ সভায় বেশী সংখ্যক সদস্য ভোটে পরিচালক বর্গের সদস্যপদে নির্বাচিত হইবেন যে সকল সদস্য নির্বাচনে অংশ গ্রহণ করিতে ইচ্ছুক তাহারা আবেদনক্রমে নির্বাচন প্রার্থী হইতে পারিবেন। এই নির্বাচিত সদস্যগণ সভ্য করিয়া নিম্নলিখিত -

SOCIETIES & NON-TRADING ... WEST BENGAL

....১০.

পদাধিকারে অধিকারীদের সমর্থনে ভাগ করিয়া লইবেন :--

ক). একজন সম্পাদক , খ). একজন সহ - সম্পাদক, গ). একজন কোষাধ্যক্ষ, ঘ). দুইজন সদস্য এই অধিকারীকগণ উক্ত সভায় অথবা পরবর্তী সভায় একজন ও সভাপতি ও একজন সহ - সভাপতি মনোনীত করিয়া পূর্ণাঙ্গ পরিচালক মন্ডলী গঠন করিবেন ।

২). পরিচালক বর্গের সদস্য পদের পদত্যাগ ও অপসারণ : -

ক). কোন সভ্য লিখিতভাবে সম্পাদকের নিকট আবেদন করিয়া সভ্যপদ প্রত্যাহার করিয়া লইতে পারেন ।

খ). ছুটি না লইয়া বা যুক্তিপূর্ণ কোন কারণ না দর্শাইয়া যদি কোন সদস্য পরপর তিনটি অধিবেশনে অনুপস্থিত থাকেন ।

গ). সমিতির সংগঠন, উন্নয়ন, ব্যবস্থাপনা ও পরিচালনা প্রভৃতি ব্যাপারে দোষী সাব্যস্ত হন বা তাঁহার কোন নৈতিক শৈথিল্য প্রকাশ পায় ।

৩). অধিবেশন : -

সাধারণ ভাবে তিন মাসের মধ্যে অন্তত: একবার পরিচালক বর্গের অধিবেশন আহূত হইবে । সম্পাদক এই অধিবেশন আহ্বান করিবেন । ন্যূনপক্ষে চারজন সদস্যের উপস্থিতিতে অধিবেশনের কার্য আরম্ভ হইবে ।

যে কোন পাঁচজন সদস্য একত্রে বিশেষ বিষয়ে আলোচনার দাবী করিয়া নির্দিষ্ট সময়ের মধ্যে পরিচালকবর্গের সভা আহ্বানের জন্য সম্পাদককে অনুরোধ জানাইবেন । অন্যথায় পূর্বোক্ত পাঁচজন সভ্য নিজেরাই সভা আহ্বান করিতে পারিবেন । তদ্রূপ সভায় বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত বিষয় ছাড়া অন্যকোন বিষয় আলোচনা করা চলবে না । পরিচালকবর্গের প্রত্যেক সদস্যকে সাত দিন পূর্বে সভার স্থান সময় এবং কার্যসূচী জানাইতে হইবে । জরুরী কোন সভা -

২৪ ঘন্টার নোটিশে আহ্বান করা যেতে পারে। ব্যক্তিগত ভাবে বারজন সদস্য উপস্থিত থাকিলে কোরাম হইবে। সভা আরাম্ভের নির্দিষ্ট আধঘন্টার মধ্যে কোরাম না হয় তাহা হইলে উপস্থিত সদস্যগণ সভা মুলতুবি রাখিতে পারিবেন।

অধিবেশনে সভাপতিই সভাপতিত্ব করিবেন। তাঁহার অনুপস্থিতিতে সহ - সভাপতি অধিবেশনে সভাপতিত্ব করিবেন এবং উভয়ের অনুপস্থিতিতে অধিবেশনে উপস্থিত সভাগণ একটিমাত্র ভোট দিবার ক্ষমতা থাকিবে। অধিবেশনে উপস্থিত সভ্যগণ কোন আলোচ্য বিষয়ে একমত হইতে না পারিলে আলোচ্য বিষয় বস্তুটির স্বপক্ষে বা বিপক্ষে ভোটের সংখ্যা সমান সমান হইলে সভাপতি তাহার নিজস্ব ভোট ছাড়া একটি নির্ণায়ক ভোট প্রদান করিতে পারিবেন। পরিচালকবর্গের অধিবেশন চলাকালীন গঠনতান্ত্রিক বা আইনকানুন সম্পর্কিত কোন প্রশ্ন উঠিলে সভাপতির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া ধরা হইবে। এবং প্রত্যেক সদস্যকেই তাহা মানিয়া লইতে হইবে।

**পরিচালকবর্গের দায়িত্ব ও ক্ষমতা :-**

সাধারণভাবে সমিতির পরিচালন বা তত্ত্বাবধানে সর্ব প্রকার ক্ষমতা ও দায়দায়িত্ব পরিচালকবর্গের উপর ন্যস্ত থাকিবে। বিশেষভাবে পালনীয় বিষয়গুলি নিম্নে প্রদত্ত হইল :-

ক). বাৎসরিক সাধারণ সভার আহ্বান।

খ). বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রয়োজন ও সুবিধাবোধে উপ - পরিষদ বা উপদেষ্টা পরিষদ গঠন।

REGISTRAR OF FIRMS, SOCIETIES & NON-TRADING CORPORATIONS * WEST BENGAL

গ). পদত্যাগ, মৃত্যু, মনিত ব্যাপারে এবং অন্যকোন কারনে পরিচালকবর্গের কোন পদখালি পূর্ণ না হইলে তাহার পূরণ।

ঘ). সমিতির উন্নতি কল্পে দান। স্থাবর ও অস্থাবর সম্পত্তি গ্রহণ সমিতির কোন সম্পত্তি ও তার অংশ বিশেষ বিক্রয়। ইজারা অথবা বন্ধক।

ঙ). আয় - ব্যয়ের সমুদয় হিসাব রক্ষণ প্রয়োজনবোধে এক বা একাধিক সরকারী ব্যাঙ্কে সমিতির গচ্ছিত করণ এবং ব্যাঙ্ক হইতে টাকা পাঠানো সম্পর্কিত নিয়মকানুন।

চ). সমিতির পরিচালন সম্পর্কিত নিয়মাবলী প্রনয়ন।

ছ). মজুত তহবিল এবং সম্পত্তি নিরাপদে সংরক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন

জ). সমিতির উদ্দেশ্য সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় অর্থ সংগ্রহ চাঁদা ও এককালীন দান গ্রহণ অথবা কোন প্রকার অস্থায়ী বিচিত্রানুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।

আর্থিক বছর : -
*************

সাধারণভাবে ইংরাজী মাসের এপ্রিল হইতে মার্চ পর্যন্ত সময়কেই সমিতির কার্যের বছর ধরা হইবে।

হিসাব রক্ষা ও নিরীক্ষা : -
**********************

আইনের বিধাবলী অনুযায়ী সমিতির আয়, ব্যয় ও লেনদেনের হিসাব সমিতি রাখিবে। উক্ত হিসাবপত্র বৎসরান্তে একজন উপযুক্ত যোগ্যতা সম্পন্ন হিসাব পরীক্ষক দ্বারা নিরীক্ষণ করিয়া লইবেন। হিসাব পরীক্ষক সমিতির সভ্য হইতে পারিবেন না। হিসাবের খাতা পত্র সমিতির অফিসে রক্ষিত হইবে। সদস্যবৃন্দ লিখিত আবেদন মারফৎ সম্পাদকের সহিত যোগাযোগ করিয়া নির্দিষ্ট তারিখে ও সময় হিসাব সংক্রান্ত খাতাপত্র পরিদর্শন করিতে পারিবেন। হিসাবপত্র ও বিবৃতিপত্রের যথার্থ প্রতিলিপি সমিতি নিবন্ধক ও অন্যান্য অর্থ সাহায্যকারী

SOCIETIES & NON-TRADING CORPORATIONS * WEST BENGAL

সংস্থার নিকট অবশ্যই পাশ হইতে হইবে ।

**সম্পত্তি ও অর্থের হেফাজত ও বিনিয়োগ রীতি :-**

পরিচালকবর্গ সমিতির সমুদয় সম্পত্তি ও অর্থের নিরাপদ হেফাজত ও বিনিয়োগের জন্য দায়ী থাকিবেন । পঞ্চাশ টাকার উর্দ্ধে সমুদয় অর্থ ব্যাঙ্কে রাখার ব্যবস্থা করিতে হইবে । সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষের মধ্যে যে কোন দুইজন তাঁহাদের যুগ্ম স্বাক্ষর দ্বারা ব্যাঙ্ক হইতে টাকা উঠাইতে পারিবেন ।

**সাধারণ অধিবেশন :-**

দুই প্রকারের সাধারণ অধিবেশন আহূত হইবে । ক). বাৎসরিক সাধারণ অধিবেশন । খ). বিশেষ সাধারণ অধিবেশন ।

**ক). বাৎসরিক সাধারণ অধিবেশন :-**

১). সমিতির প্রতি বছর নূন্যপক্ষে একটি বাৎসরিক সাধারণ অধিবেশন আহ্বান করিবে । দুটি পারস্পরিক বাৎসরিক সাধারণ অধিবেশনের কালের ব্যবধান কোনক্রমে পনের মাসের অধিক হইবে না । একটি বিজ্ঞপ্তি পত্র দ্বারা বাৎসরিক সাধারণ অধিবেশনের অন্তত: ১৪ দিন পূর্বে সমিতির প্রত্যেক সভ্যকে অধিবেশনের তারিখ, স্থান , সময় এবং আলোচ্য বিষয় জানাইয়া দিতে হইবে । রবিবার বা ছুটির দিনে অধিবেশন ডাকা চলিবে ।

REGISTRAR OF FIRMS, SOCIETIES & NON-TRADING CORPORATIONS ★ WEST BENGAL

....১৪.

২). সাধারণ অধিবেশনে অপেক্ষা সংখ্যা ( কোরাম ) হবে যোগ্য সভ্যদের এক তৃতীয়াংশের উপস্থিতিতে । ঐ সংখ্যক সভ্য অনুপস্থিত থাকিলে অর্ধ ঘন্টা অপেক্ষা করিয়া সভাপতি অধিবেশন স্থগিত রাখিবেন । এবং পরবর্তী স্থগিত সভার দিন সময় ও স্থান ঘোষণা করিবেন । স্থগিত সভার জন্য পৃথক বিজ্ঞপ্তি দেওয়া বাধ্যতামূলক হইবে না । স্থগিত সভার অপেক্ষা সংখ্যার প্রয়োজন হইবে না ।

৩). অধিবেশন নিম্নলিখিত বিষয় লইয়া আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে :-

ক). বিগত সাধারণ অধিবেশনের কার্যবিধির লিপিবদ্ধ বিবরণী পাঠ ও অনুমোদন । খ). সম্পাদকের বিবৃতির পাঠ ও আলোচনা , গ). বিগত বৎসরের পরীক্ষিত বার্ষিক হিসাব - সমূহ পেশ এবং অনুমোদন , ঘ). মাসিক চাঁদা , গচ্ছিত অর্থ ও প্রবেশ মূল্যের পরিমাণ নির্দ্ধরণ ও প্রয়োজন বোধে পরিবর্তন, ঙ). আগামী বৎসরের জন্য হিসাব পরীক্ষক মনোনয়ন ,

চ). নূতন পরিচালক বর্গের সদস্য প্রার্থী গণের ভোট গননা ( প্রয়োজন বোধে) এবং নির্বাচনের ফল ঘোষণা, ছ). সমিতির প্রণিয়মাবলীর অথবা উহার কোন অংশের পরিবর্তন, সংযোজন এবং সংশোধনের সংক্রান্ত কোন প্রস্তাব সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ, জ). সভাপতির অনুমতি সাপেক্ষ আনীত যে কোন বিষয় । আগামী বৎসরের কর্ম পদ্ধতি নির্দ্ধারণ ও বাজেট প্রকরণ ।

৪). বিশেষ সাধারণ অধিবেশন :-

সমিতির দুই তৃতীয়াংশ সভ্য আলোচ্য বিষয় বস্তু উল্লেখ পূর্বক সম্পাদক মহাশয়কে লিখিত ভাবে বিশেষ সাধারণ অধিবেশন আহ্বানের অনুরোধ জানাইলে তিনি উক্ত লিখিত অনুরোধ পত্র পাঠাইবার একুশ দিনের মধ্যে ঐ অধিবেশন আহ্বান করিবেন । অন্যথায় আবেদনকারী সভ্যগণ নিজেরাই ঐ অধিবেশন আহ্বান করিতে পারিবেন । এই অধিবেশনে আবেদন পত্রে উল্লিখিত

SOCIETIES & NON-TRADING

## পরিচালকবর্গ ও সদস্যদের দায় - দায়িত্ব :-

**সভাপতি :** ক). সমিতির সকল অধিবেশনেই তিনি সভাপতিত্ব করিবেন।
খ). সমিতির সর্বাত্মক উন্নতি ও স্বার্থের প্রতি দৃষ্টি রাখিয়া আভ্যন্তরিক বিষয়ে উপদেশ প্রদান করিবেন।

**সম্পাদক :-** সম্পাদক সমিতির মুখ্য সচিবরূপে পরিচালকবর্গের ও উহার সভাপতির তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রনাধীনে সমিতির অর্থ সংক্রান্ত অথবা অন্যবিধ কার্যাবলী সম্পন্ন করিবেন। সমিতির বিভিন্ন প্রস্তাবসমূহ ও নির্দেশকে কার্যকরী করার জন্য উপযুক্ত ব্যবস্থাদি গ্রহণ করিবেন। অধিবেশনে সমিতির কার্যকলাপ সম্পর্কে সদস্যগণ কর্তৃক জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর প্রদান করিবেন। সমিতির স্বপক্ষে ও বিপক্ষে মামলা ও অন্যান্য কার্যরই সম্পাদকের নামে হইবে।

**কোষাধ্যক্ষ :-** সমিতির যাবতীয় আয় ও ব্যয়ের হিসাব রাখিবেন। বার্ষিক সাধারণ সভার পূর্বে হিসাব পেশ করার জন্য প্রস্তুত থাকিবেন। সমিতির সংগৃহীত অর্থ ব্যাঙ্কে জমা দিবেন। নগদ পঞ্চাশ টাকার অতিরিক্ত অর্থ নিজের কাছে রাখিবেন না। পরিচালকবর্গের সময়ে সময়ে সমিতির আর্থিক অবস্থাদি অবহিত রাখিবেন এবং ঐ সম্পর্কে পরামর্শ দিবেন।

## প্রনিয়মাবলীর পরিবর্তন :-

ঐ সূচীতে উল্লেখিত হইলে সাধারণ সভায় উপস্থিত তিন চতুর্থাংশ সদস্যদের সমর্থনে প্রনিয়মাবলীর সংশোধন, সংযোজন অথবা পরিবর্তন করিতে পারিবে। পরিমেলবন্ধের পরিবর্তনের জন্য সমিতি নিবন্ধকের

SOCIETIES ... TRADING CO...

লিখিত অনুমতি লইতে হইবে।

সমিতির অবলুপ্তি :-
*******************

সমিতির অস্তিত্বের অবসান ঘটাইবার উদ্দেশ্য আহূত কোন সাধারণ অধিবেশনে উপস্থিত তিন - চতুর্থাংশের সদস্যের ভোট দ্বারা সমিতির অস্তিত্বের অবসান ঘটানো যাইবে। অবসানের পর সমিতির অর্থ, পরিসম্পদ ও [illegible], দায়িত্বের বিলি ব্যবস্থা কার্যকরী করার যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে এবং সমিতি নিবন্ধককে তাহা জানাইতে হইবে।




.....১৭.

-: সমিতির নিয়মাবলীর একটি অবিকল প্রতিলিপি : -

পরিচালকবর্গের সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ এই তিন জন সদস্যের স্বাক্ষর নিম্নে দেওয়া হইল : -

| নাম : - | স্বাক্ষর : - |
| --- | --- |
| ১). শ্রী সুরেন্দ্র নাথ মুকুল | Sd/- সুরেন্দ্র নাথ মুকুল |
| ২). শ্রী অরবিন্দ ভট্টাচার্য্য | Sd/- অরবিন্দ ভট্টাচার্য্য |
| ৩). অশ্রু ভৌমিক | Sd/- অশ্রু ভৌমিক |

REGISTRAR OF FIRMS, SOCIETIES & NON TRADING CORPORATIONS * WEST BENGAL *

Compared by :- [signature] 16/6/57

TRUE COPY.

তারিখ : - ২৬/৫/৮৩

[signature] 17.6.97
Addl. Registrar of Firms, Societies
& Non-Trading Corpns, West Bengal.